

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৭২১

১৭/ ওয়ারিসী স্বত্ব বণ্টন (کتاب الفرائض) পরিচ্ছেদঃ ১৭/২, ওরসজাত সন্তানের ওয়ারিসী স্বত্ন

بَابِ فَرَائِضِ الصُّلْبِ

#### আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، حَدَّثَنَا وَكِيعُ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ أَبِي قَيْسٍ الأَوْدِيِّ، عَنِ الْهُزَيْلِ بْنِ شُرَحْبِيلَ، قَالَ جَاءَ رَجُلُ إِلَى أَبِي مُوسَى الأَشْعَرِيِّ وَسَلْمَانَ بْنِ رَبِيعَةَ الْبَاهِلِيِّ فَسَأَلَهُمَا عُنِ ابْنَةٍ وَابْنَةٍ ابْنِ وَأُخْت، لأَبٍ وَأُمِّ فَقَالاَ لِلابْنَةِ النِّصنْفُ وَمَا بَقِيَ فَلِلأُخْت وَانَّت ابْنَ مَسْعُود فَسَأَلَهُ وَأَخْبَرَهُ بِمَا قَالاَ فَقَالَ عَبْدُ اللَّهِ قَدْ صَلَى الله عَلْتُ إِذًا وَمَا أَنَا مِنَ الْمُهْتَدِينَ وَلَكِنِّي سَأَقْضِي بِمَا قَضَى بِهِ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم لِلإبْنَةِ النِّصنْفُ وَلابْنَةِ الإبْنِ السُّدُسُ تَكْمِلَةَ التُّلُقَيْنِ وَمَا بَقِيَ فَلِلأُخْت .

#### বাংলা

২/২৭২১। হ্যাইল ইবনে শুরাহবীল (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, এক ব্যক্তি আবূ মূসা আশআরী ও সালমান ইবনে রাবীআ আল-বাহিলী (রাঃ) -এর কাছে এসে এক কন্যা, এক পৌত্রী ও এক সহোদর বোনের ওয়ারিসী স্বত্ব সম্পর্কে জিজ্ঞাসা করলো। তারা বলেন, কন্যা পারে অর্ধেক এবং যা অবশিষ্ট থাকবে তা পাবে বোন। তুমি ইবনে মাসউদের নিকট যাও। তিনিও হয়তো আমাদের সাথে একমত হবেন। অতঃপর লোকটি ইবনে মাসউদ (রাঃ) এর নিকট গিয়ে জিজ্ঞাসা করলো এবং তারা যা বলেছিলেন তাও তাকে অবহিত করলো। আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বলেন, তাহলে আমি পথভ্রম্ভ হয়ে যাবো এবং হেদায়াতপ্রাপ্তদের অন্তর্ভুক্ত থাকবো না। এ ব্যাপারে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর অনুরূপ ফায়সালাই দিবো। কন্যা পাবে অর্ধাংশ এবং পৌত্রী পাবে এক-ষষ্ঠাংশ। এভাবে উভয়ের অংশ মিলে দুই-তৃতীয়াংশ পূর্ণ হবে। অবশিষ্ট যা থাকবে তা পাবে বোন।

## **English**

It was narrated that Huzail bin Shurahbil said:

"A man came to Abu Musa Al-Ash'ari and Salman bin Rabi'ah Al-Bahili and asked them about (the shares of) a daughter, a son's daughter, a sister through one's father and mother. They said: 'The daughter gets one half,



and what is left goes to the sister. Go to Ibn Mas'ud, for he will concur with what we say.' So the man went to Ibn Mas'ud, and told him what they had said. 'Abdullah said: 'I will go astray and will not be guided (if I say that I agree); but I will judge as the Messenger of Allah () judged. The daughter gets one half, and the son's daughter gets one- sixth. That makes two thirds. And what is left goes to the sister.'"

### ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহঃ সহীহুল বুখারী ৬৭৩৬, তিরমিয়ী ২০৯৩, আবূ দাউদ ২৮৯০, আহমাদ ৩৬৮৩, ৪১৮৪, দারেমী ২৮৮৯, ইরওয়া ১৬৮৩, রাওদুন নাদীর ৬৩৪, সহীহ আবু দাউদ ২৫৭২।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আবু কায়স আল-আওদী সম্পর্কে আবু বাকর আল-বাযযার বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আবু আবদুল্লাহ আল-হাকিম বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহণযোগ্য নয়। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সিকাহ রাবীর বিপরীত হাদিস বর্ণনা করেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৭৭৮, ১৭/২০ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হুযায়ল ইবনু শুরাহবীল (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন